

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: www.lgd.gov.bd

নং-৪৬.০২০.০০৪.০০.০১.৫৩৯.২০১৫- ৪২২

তারিখ: ২০/২/১৬


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১১৩৬১/২০১৫ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের পৌর-১ শাখার গত ২১-০১-২০১৫খ্রিঃ তারিখের ৭৬ সংখ্যক স্মারক।

বাগেরহাট জেলার মোংলাপোর্ট পৌরসভার এলাকাভুক্ত ২০৫ একর জমি পৌর এলাকা বহির্ভূত ঘোষণাকরণ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, বাগেরহাট কর্তৃক গত ০৬-০২-২০১৪খ্রিঃ তারিখের গণবিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে জনাব মোঃ আবুল কালাম বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৩৬১/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণের জন্য জেলা প্রশাসক ও জেলা নির্বাচন অফিসার, বাগেরহাটকে গত ২৩-১২-২০১৫খ্রিঃ তারিখে অনুরোধ করা হয়। চাহিত জবাব অদ্যাবধি পাওয়া যায়নি। মামলাটি প্যানেল আইনজীবীর মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে আইন-১ অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব দাখিলের মাধ্যমে মামলাটি দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
৯৫৪০৯৯৫  
Email:ishaniraja@gmail.com

এসকে শফিক মাহমুদ পুস্প  
বেসরকারি প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। উপসচিব (পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।